

নকলে সাহায্যকারী শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে

শিক্ষা প্রতিমন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক : শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক মিলন বলেছেন, যেসব শিক্ষক চলতি এসএসসি ও দাখিল পরীক্ষায় নকলে সহযোগিতা করছেন পরীক্ষাশেবে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে। তিনি শনিবার শিক্ষা মন্ত্রণালয়ে চলতি এসএসসি ও দাখিল পরীক্ষা সংক্রান্ত এক সংক্ষিপ্ত প্রেস ব্রিফিংয়ে এ কথা বলেন। প্রেস ব্রিফিংয়ে শিক্ষা সচিব শহিদুল আলম এবং ঢাকা শিক্ষা-বোর্ড ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান উপস্থিত ছিলেন।

প্রতিমন্ত্রী বলেন, চলতি পরীক্ষায় সফলভাবে শিক্ষকদের নিরাপত্তা বিধান করা হয়েছে। পরীক্ষা কেন্দ্রের দু'শ' গজের মধ্যে ১৪৪ ধারা ভঙ্গের ঘটনা কোথাও ঘটেনি। জেলা প্রশাসকের অনুমতি ব্যতিরেকে কাউকে পরীক্ষা কেন্দ্রে ঢুকতে দেয়া হয়নি। স্থানীয় রাজনীতিবিদরা সফলভাবে পরীক্ষা অনুষ্ঠানে সহযোগিতা করছেন বলেও তিনি জানান। তিনি পুনরায় জোর দিয়ে বলেন, নকল প্রতিরোধে সরকার ও শিক্ষা বোর্ড দায়বদ্ধ।

এদিকে শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক মিলন গতকাল নরসিংদী জেলার বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে পরিদর্শন করেন। এ সময় তিনি ইসলামিয়া হাইস্কুলের শিক্ষক মুরহুজ আলী, ইউএনসি স্কুলের শিক্ষক সেলিনা আখতার, গলারচর মাদ্রাসার শিক্ষক কমল চন্দ্র বর্মণ এবং আলেকচর মাদ্রাসার শিক্ষক নাসিরউদ্দিনকে নকলে সহযোগিতা করার দায়ে পরিদর্শক থেকে বহিষ্কারের নির্দেশ দেন।